বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

সার্কুলার নং-জে-০৮/২০১৯

তারিখঃ ২২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ।
০৭ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ধারা ৪৪ অনুসারে ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা কিংবা গেজেট প্রকাশের মাধ্যমে বিকল্প আদালতকে ক্ষমতা না দেয়া অথবা ট্রাইব্যুনাল সংক্রান্ত আইনের বিধান সংশোধন না হওয়া পর্যন্ত মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর অধীনে দায়েরকৃত সকল মামলার বিচারিক কার্যক্রম ফৌজদারী কার্যবিধি ধারা ৫(২) অনুসরনে ঐ কার্যবিধির ২য় তপসিলে উল্লেখিত "অন্যান্য আইনসমূহের অধীনে অপরাধ (Offences against other laws)" বিধান অনুযায়ী পরিচালনা করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ফৌজদারী বিবিধ ৪০৩৮৮/২০১৯ নং মোকদ্দমায় গত ২০/১০/২০১৯ তারিখের আদেশে মাননীয় বিচারপতি জনাব এম. ইনায়েতুর রহিম এবং মাননীয় বিচারপতি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান মহোদয়ের সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ কর্তৃক নিম্নবর্ণিত আদেশ প্রদান করা হয়েছে ঃ-

**"...সার্বিক অবস্থা বিবেচনায় আদালত আদেশ প্রদান করছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ধারা ৪৪ অনুসারে ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা কিংবা গেজেট প্রকাশের মাধ্যমে বিকল্প আদালতকে ক্ষমতা না দেয়া অথবা ট্রাইব্যুনাল সংক্রান্ত আইনের বিধান সংশোধন না হওয়া পর্যন্ত মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর অধীনে দায়েরকৃত সকল মামলার বিচারিক কার্যক্রম ফৌজদারী কার্যবিধি ধারা ৫(২) অনুসরনে ঐ কার্যবিধির ২য় তপসিলে উল্লেখিত "অন্যান্য আইনসমূহের অধীনে অপরাধ (Offences against other laws)" বিধান অনুযায়ী পরিচালিত হবে।"**

৩। এমতাবস্থায়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর বিধান প্রতিপালন সংক্রান্তে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ফৌজদারী বিবিধ ৪০৩৮৮/২০১৯ নং মোকদ্দমায় উল্লিখিত আদেশ যথাযথভাবে অনুসরণ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

৪। উল্লেখ্য, বর্ণিত মামলার আদেশের কপি সার্কুলারের সাথে অত্র কোর্টের ওয়েবসাইটে রয়েছে।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে

**(মোঃ আলী আকবর)**
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

**কার্যার্থে ও জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।

F./Sanjaydutt/Misc file/letter

৭। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------ ----------- (সকল)।
৮। মহানগর দায়রা জজ, ----------------------------------------------------------------------- (সকল)।
৯। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------------(সকল)।
১০। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, ---------------------------- (সকল)।
১১। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
১২। বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,--------- --------------------- -------- (সকল)।
১৩। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল)।
১৪। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৫। সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল,----- ----------------------------------------- (সকল)।
১৬। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৭। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------- (সকল)।
১৮। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------------(সকল)।
১৯। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
২০। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,----------------- (সকল)।
২১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২২। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২৩। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৪। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৫। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৬। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৭। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৮। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৯। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৩০। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয় (আইন শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।

(৭ থেকে ৪০ পর্যন্ত:) প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষণের জন্য]
৪৪। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৫। মাননীয় প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৪৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৪৭। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৯। অফিস কপি।

০৭.১১.১৭

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)।
ই-মেইলঃ aktar.dr@supremecourt.gov.bd

F./Sanjaydutt/Misc file/letter